APR. 28 2002

যুগান্তর

# ঢাবিতে ছাত্র ইউনিয়নের সুবর্ণ জয়ন্তী উৎসব

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ছাত্র ইউনিয়নের সুবর্ণ জয়ন্তী উৎসবের র‍্যালি-পূর্ব সমাবেশে নেতৃবৃন্দ সন্ত্রাস, সাম্প্রদায়িকতা ও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বৃহত্তর ছাত্র আন্দোলন গড়ে তোলার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সংগঠনের সভাপতি শরিফুজ্জামান শরীফের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন সাধারণ সম্পাদক মোঃ নূর আলম, সাংগঠনিক সম্পাদক সাজেদুল হক রুবেল প্রমুখ।

সমাবেশ শেষে একটি বর্ণাঢ্য র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। রং-বেরং-এর ব্যানার ও ফেস্টুন নিয়ে দুই শতাধিক নেতাকর্মী র‍্যালিতে অংশ নেন।